দৈনিক
ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা 8 30 AUG 2016 কলাম ...

# 'শিক্ষা পুষ্টি আবাসন সূচকেও দারিদ্র্য হ্রাস করতে হবে'

■ ইত্তেফাক রিপোর্ট

'ক্যালরি গ্রহণের ভিত্তিতে দেশের দারিদ্র্য হ্রাস পাচ্ছে। কিন্তু গুণগত শিক্ষা, পুষ্টি, আবাসন, যাতায়াত এসব সূচকেও দারিদ্র্য হ্রাস করতে হবে। সাময়িকভাবে দারিদ্র্য হ্রাস করলে হবে না, স্থায়ীভাবে দারিদ্র্য হ্রাস করতে হবে।'

গত রবিবার ডেইলি স্টারের কনফারেন্স হলে ডিএসকে সিঁড়ি প্রকল্পের শিক্ষণীয় ও সমাপনী কর্মশালায় এক গবেষণা প্রবন্ধে এ কথা বলা হয়।

গবেষণা প্রবন্ধে বলা হয়েছে, শহরে চরম দারিদ্র্য অনেক হ্রাস পেয়েছে। বিআইডিএসের গবেষণা পরিচালক ড. বিনায়েক সেন ২০১১ ও ২০১৫ সালে গবেষণা করে দেখান যে, ২০৩০ সালের অনেক আগেই দেশের চরম দারিদ্র্যের হার শূন্যে নামিয়ে আনা সম্ভব। তবে প্রাকৃতিক কারণসহ কিছু কারণে তার স্থায়ীত্ব নিয়ে ঝুঁকি থেকেই যায়।

ডিএসকের ভাইস প্রেসিডেন্ট মহফুজা খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পল্লী সঞ্চয় ব্যাংকের চেয়ারম্যান ড. মিহির কান্তি মজুমদার, সমবায় অধিদপ্তরের মহাপরিচালক ও নিবন্ধক মফিজুল ইসলাম, ডিবসেকের সিইও ড. মাসুদুল কাদের, ডেপুটি টিম লিডার আনোয়ার চৌধুরী প্রমুখ।